দৈনিক বাংলা

23

তারিখ ২৪।১।৮১
পৃষ্ঠা ৮ কলাম ৬

# প্রাথমিক শিক্ষকদের জমায়েত ও মিছিল

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির আহবানে সরকারী চুক্তি ভঙ্গের প্রতিবাদে মঙ্গলবার দেশব্যাপী বিশ্বাস ভঙ্গ দিবস পালিত হয়। এ উপলক্ষে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে গতকাল পূর্ণ ধর্মঘট পালিত হয়েছে বলে সমিতির এক বিজ্ঞপ্তিতে জানান হয়েছে।

বিশ্বাস ভঙ্গ দিবসের কর্মসূচী অনুযায়ী গতকাল সকাল ৯টায় বায়তুল মোকাররমে ঢাকা জেলা প্রাথমিক শিক্ষকদের জমায়েত ও পরে মিছিল অনুষ্ঠিত হয়। জমায়েতে বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ প্রাথমিক শিক্ষকদের সংগ্রামের প্রতি একাত্মতা ঘোষণা করে বক্তব্য রাখেন। সমিতির সভাপতি জনাব আবুল কালাম আজাদ সমাবেশে প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে গ্রাম সরকারের অধীনে ন্যস্ত করার সরকারী সিদ্ধান্তের বিরোধীতা করে বক্তব্য রাখেন। তিনি জানান যে, আগামী ২০শে জানুয়ারীর মধ্যে প্রাথমিক শিক্ষা সংক্রান্ত যাবতীয় কালাকানুন বাতিল করা না হলে আগামী ১৯শে ফেব্রুয়ারী থেকে ২১শে ফেব্রুয়ারী পর্যন্ত ঢাকায় মহা বিক্ষোভ অনুষ্ঠিত হবে। সভায় এক প্রস্তাবে প্রাথমিক শিক্ষকদের দাবী দাওয়া আদায় না হওয়া পর্যন্ত সংগ্রাম অব্যাহত রাখার শপথ নেয়া হয়।

দিনাজপুর, সিলেট, যশোর ও বগুড়া থেকে দৈনিক বাংলার সংবাদদাতারা জানিয়েছেন যে এই সকল জেলায় প্রাথমিক শিক্ষকদের বিক্ষোভ মিছিল ও জমায়েত হয়েছে।

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## মিছিল

(১ম পৃঃ পর)

বিভিন্ন ছাত্র সংগঠন তাঁদের দাবীর প্রতি সমর্থন জানিয়েছে।

### দাবী মানার আহবান

ইউনাইটেড পিপলস পার্টির চেয়ারম্যান কাজী জফর আহমদ এক বিবৃতিতে প্রাথমিক শিক্ষকদের দাবী দাওয়া মেনে নিয়ে শিক্ষাক্ষেত্রে সৃষ্ট সংকট নিরসনের জন্যে সরকারের প্রতি দাবী জানিয়েছে। বিবৃতিতে শিক্ষকদের সংগ্রামের সঙ্গে একাত্মতা ঘোষণা করেছেন।